আজকের কাগজ

তারিখ 06 SEP 1992
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৭

53

### সারাদিন কোরআন তেলাওয়াত হয়েছে

# গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় শান্ত ছিলো

**কাগজ প্রতিবেদকঃ** ছাত্র সংঘর্ষের কারণে দু'জন ছাত্রের মৃত্যুর পর গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শান্ত ছিলো। উত্তরপাড়ার হলগুলোর মুখে পুলিশ ও বিডিআর মোতায়েন করা হয়েছে। সূর্যসেন, মুহসীন ও জসিম উদ্দিন হলে শুক্রবার রাত থেকে একটানা কোরআন তেলাওয়াতের ক্যাসেট বাজছে। গতকাল ক্যাম্পাসে ছাত্রদল কোনো মিছিল সমাবেশ করেনি। বিএনপি 'হাই কমান্ড' প্রধানমন্ত্রী ফিরে না আসা পর্যন্ত কোনো কর্মকাণ্ড না চালানোর জন্যে ছাত্রদলের প্রতি নির্দেশ দেয়া হয়। সে অনুযায়ী গতকাল ক্যাম্পাসে ছাত্রদলের কোনো তৎপরতা ছিলো না। তবে সংগঠনের সভাপতি সাধারণ সম্পাদক ও সাংগঠনিক সম্পাদক ছাড়া বেশ কয়েকজন কেন্দ্রীয় নেতা মধুর ক্যান্টিনে আসেন এবং কর্মীদের সঙ্গে কখনো কানে কানে কখনো চায়ের টেবিলে আলাপ-আলোচনা করেন। অধিকাংশ সময়ই নেতারা ডাকসু সংগ্রহশালা বা মধুর ক্যান্টিনে পরামর্শ করতে দেখা যায়। সূর্যসেন হলের যে কক্ষটিতে মামুনকে হত্যা করা হয়েছে এবং যেখানে লাশ উদ্ধার করা হয়েছে সে স্থানটি ফিনাইল দিয়ে ধুয়ে ফেলা হয়েছে। মামুন নিহত হওয়ার স্থানটি দেখতে অনেক ছাত্র হলে ভিড় জমায়।